৩

দৈনিক ইনকিলাব

তারিখ ... 26 NOV 1998 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৮ ...

# ২৮ নভেম্বর থেকে বুয়েটে ৩ দিনব্যাপী বিজ্ঞান সম্মেলন

স্টাফ রিপোর্টার ঃ আগামী ২৮ নভেম্বর থেকে প্রকৌশল বিশ্ববিদ্যালয় মিলনায়তনে (বুয়েট) ৩ দিনব্যাপী ২০তম বাংলাদেশ বিজ্ঞান সম্মেলন অনুষ্ঠিত হবে। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, কলেজ, গবেষণা ও উন্নয়ন প্রতিষ্ঠান এবং শিল্প-কারখানাসহ নানা শাখায় কর্মরত বিজ্ঞানীদের সর্ববৃহৎ প্রতিষ্ঠান বাংলাদেশ বিজ্ঞান উন্নয়ন সমিতি এ সম্মেলনের আয়োজন করেছে। প্রেসিডেন্ট সাহাবুদ্দীন আহমদ প্রধান অতিথি হিসেবে ২৮ নভেম্বর সকাল ৯টায় এ সম্মেলন উদ্বোধন করবেন।

এ উপলক্ষে মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান ও বিজ্ঞান উন্নয়ন সমিতির সভাপতি ডঃ এম এ ওয়াজেদ মিয়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি ও বিজ্ঞান উন্নয়ন সমিতির নবনির্বাচিত সভাপতি প্রফেসর এ কে আজাদ চৌধুরী, বিজ্ঞান উন্নয়ন সমিতির সাধারণ সম্পাদক এবং বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মোহাম্মদ জুনাব আলী প্রমুখ এ সম্মেলনের বিভিন্ন দিক তুলে ধরেন।